তাজ্জব ব্যাপার !

(গীতি-রঙ্গ ।)

প্রস্তাবনা—বঙ্গনারীগণ

ফাটকে আটক রবনা।
আপন করে যতন করে খুলে দেছ ডানা ॥
বেয়াড়া বুদ্ধির চোটে, দিয়েছ শেকল কেটে,
এখন গেটের বাইরে পা দিয়েছি দখল কর জেনানা ।
আমরা সব কলেজ যাব নলেজ পাব,
টপ্পা গেয়ে করবো সুখে বাবুয়ানা ।
এখন তোমরা কুটনো কোটো বাটনা বাটো,
দাও লক্ষ্মীপূজ'র আলপনা ।
আমরা সব ছাড়ব শাড়ি রাখব দাড়ি
গাড়ী চড়ে আনাগোনা ॥
(গুণ পুরুষ) গাড়ী চড়ে আনাগোনা ।
ছাড়বনা আড় নয়ন আর মোহন বেণী —
ওইটী নারীর নিশানা ;
(গুণ পুরুষ) ওইটী নারীর নিশানা ;
প্রেমের বন্দর রইলো অন্দর, গুছিয়ে কর গিন্নিপনা ।

প্রথম দৃশ্য।

বিবাহ সভা।

(কন্যা, কন্যাযাত্রী, বরযাত্রী প্রভৃতি উপস্থিত)

নাপ্তেনী। ওগো কনে, এই গুপুরিটে কেটে দিন

ঘটকী। কাট, কাট, গুপুরিটে কেটে ফেল, সাবধানে জাঁতি ধরো যেন হাত কেটোনা।

ক্ষীরদা। ছি ছি ছি ছি! কনে এঁঠো গুপুরি কাটলে? ছোট্‌দাদা ঐ গুপুরিটে গালে করেছিল।

নীরদা ও কনে, আমাদের ঢেলাফেলার টাকা দাও, চুপ করে রয়েছ কেন, দাও না।

ক্ষীরদা নীরি তুই তো ভারি জ্যাঠা, কনেকে ত্যক্ত কচ্চিস কেন? চুপ করে বোস্‌না।

নীরদা ঢেলাফেলার টাকা চাবনা? বে হয়ে গেলে ফাঁকি দেবে, তখন তুই দিবি?

ক্ষীরদা ঢেলাফেলার টাকা নেবার তুই কে? আমরা বাড়ীর মেয়ে আমাদের কি ঢেলাফেলা দেয়?

নীরদা না দেয়না বুঝি, তুই তো বড় জানিস

ক্ষীরদা না তুই বড় জানিস, মস্ত বড় হয়েছিস কিনা; কনে, তুমি ওর কথা শুনোনা ভাই, ওটা ওই রকম যার তার সঙ্গে দুষ্টুমি করে, তুমি ভাই আমার সঙ্গে কথা কও, আমার সঙ্গে তোমার ভাব।

নীরদা আচ্ছা আচ্ছা ক্ষীরি তুই থাম্, আমার সঙ্গে ঝগড়া কচ্চিস, নেমন্তন্নে মেয়েরা আসুক তোকে দেখে নেব।

ক্ষীরদা হাঃ হাঃ হাঃ। তুই আমায় দেখে নিবি, তুই আমায় একজামিন করবি, হাঃ হাঃ হাঃ!

(কামিনী ও মৃণালিনীর প্রবেশ)

কামিনী। ওরে একেবারে বেশি করে গোটাকতক হুঁকো এখানে দে যা না।

ঘটকী আসুন বড়বৌঠাকরুণ, দাঁড়িয়ে রইলেন কেন? সভায় বসুন, এঁরা যে আপনার সঙ্গে আলাপ করবার জন্য ব্যস্ত হয়েছেন।

মৃণা এইযে বসি এই।

(মুক্তকেশী ও সরসীবালার প্রবেশ)

ঘটকী আসতে আজ্ঞা হয় আসতে আজ্ঞা হয়, আসুন আসুন, বসতে আজ্ঞা হয়; আপনাদের দেরি হল যে?

মুক্ত আমার মেয়েকে তুলে নিয়ে এলেম তাইতে একটু দেরি হল, ঘুরে আসতে হলো।

মৃণা। বসুন বসুন

ঘটকী ইনি হচ্ছেন কনের মামী

মৃণা। আপনার নাম?

মুক্ত। শ্রীমুক্তকেশী বক্সি।

মৃণা বিষয়কর্ম্ম কি করা হয়?

ঘটকী ভারি কাজ, হাকিমি কাজ। আপনার কি হুগলিতে যাওয়া আসা নেই, উনি সেখানকার জজ কোর্টের সেরেস্তাদার।

মুক্ত আপনার নামটী কি?

মৃণা শ্রীমৃণালিনী মিত্র আমি হাইকোর্টের আপিলেট সাইডে (High Court Appellate side) ওকালতি করি।

মুক্ত। বেশ বেশ এই সূত্রে আ'লাপ হলো' বড় সন্তুষ্ট হলেম, মামলা মকদ্দামার জন্য যদি কখন হুগলিতে যাওয়া হয় অনুগ্রহ করে আমার বাসায় পায়ের ধুলো দেবেন

ঘটকী তা দেবেন না কুটুম্ব হলেন, উনি হচ্ছেন বরের বড় ভাজ, সংসারের কর্ত্তাই উনি।

মৃণা ওইটী আপনার কন্যা ?

মুক্ত হাঁ।

মৃণা কি নাম ভাই তোমার ?

সরসী। শ্রীসরসীবালা ভঞ্জ।

মৃণা পড়াশুনা হচ্ছে কোথায় ?

সরসী। শিবপুর ইঞ্জিনিয়ারিং কলেজ, থার্ড ইয়ার (Shibpur Engineering College, third year)

মৃণা তবে এইবারে ফাইন্যাল একজামিন্ ? (Final Examine)

মুক্ত। হাঁ এইবারেতেই একজামিন্ দেবার কথা, সব ঠিক, ক'মাস ধরে মেহনৎ করে সারা রাত জেগে পড়লে, তা অদৃষ্টক্রমে অন্তঃসত্ত্বা হয়ে পড়েছে, একজামিনের সময় আসতে আসতে ছ'মাস পার হয়ে যাবে, আর এ বছর কি একজামিন্ দিতে পারবে ?

সরসী মা ভয় পাচ্ছেন, কিন্তু আমার বোধ হয় একজামিন্ দিতে পারবো ; আমার বিয়েন ভাল, এণ্ট্রেন্স (Entrance) যখন দিই তখন আমার ভরা দশমাস, শেষ একজামিনের দিনেই ব্যথা হলো।

(একজন ভৃত্যের প্রবেশ)

মৃণা কিরে তুই বাইরে কেন রে ?

ভৃত্য আপনি একবার বাড়ীর ভেতরে আসুন বড় বাবু কি একটা বলবেন।

মৃণা এখন আবার কি দরকার ? যাচ্ছি যা ; মশাই বসুন আমি আসছি

[মৃণালিনী ও ভৃত্যের প্রস্থান।

ক্ষীরদা ও কনে, কথা কচ্ছনা যে ? তোমার নাম কি বলনা, হাঁসছ যে, নাম বল্‌তে পার না ?

কনে তোমার নাম কি বল দেখি আগে

ক্ষীরদা আমার নাম শ্রীক্ষীরদাসুন্দরী মিত্র, আমার মা'র নাম ৺ দুর্গেশনন্দিনী মিত্র

কনে কি পড় ?

ক্ষীরদা রয়েল রিডার নম্বর ফোরথ্‌, (Royal Reader No 4th) গারলস্‌ গ্রামার, (Girl's Grammar) পদ্যমুকুন্দ ; তুমি কি পড় ?

কনে আমি আর এখন পড়িনা, চাক্‌রি করি

ক্ষীরদা। কোথা চাক্‌রি কর ?

কনে হাবড়া পুলিসের হেড কনেষ্টবল (Head constable)

ক্ষীরদা কনেষ্টবল। কনেষ্টবল মানে তো পাহারাওয়ালা,— তুমি, পাহারাওয়ালা ? দূও, ছোট্‌দিদার পাহারাওয়ালার সঙ্গে বে হবে।

নীরদা। ক্ষীরি তো ভারি চালাকি করছিস্‌, পড়াশুনার লড়াই করবি, আমার সঙ্গে লাগ্‌ না।

ক্ষীরদা তুই তো থার্ডবুক (Third Book) পড়িস্, তুই আমার সঙ্গে পারবি? আমি জিয়োমেট্রি (Geometry) ধরেছি তুই তা জানিস্? বল দেখিন, (To describe an equilateral triangle upon a given finite straight line) টু ডেসক্রাইব এ্যান্ ইকুইল্যাটারাল্ ট্রায়াঙ্গেল অপন্ এ গিভন্ ফাইনাইট্ ষ্ট্রেটলাইন্, কেমন করে (Prove) প্রুভ্ করতে হবে বল্ দেখিন?

নীরদা। উঃ ভারিতো জিজ্ঞেস্ করলি? চট্ করে বল্ দেখি, 'আমি হই ওপরে' ইংরাজিতে কি হবে?

কামিনী। আরে ছুঁড়িগুলো তো বড় গোল করতে আরম্ভ করলে।

ঘটকী। করুক করুক, বিবাহ সভায় ও চিরপদ্ধতি আছে। বক্সি ঠাকরুণের সঙ্গে আমাদের মেজবৌ মহাশয়ের বুঝি এখনও আলাপ হয়নি, ইনি হচ্ছেন পাত্রীর মেজ ভাজ

মুক্ত। বটে বটে, আপনার নাম?

কামিনী শ্রীকামিনীসুন্দরী মিত্র

মুক্ত। যার বিবাহ হচ্ছে এইটী আপনার সবছোট দ্যাওর?

কামিনী। হ্যাঁ

ঘটকী শুভকর্ম্ম হয়ে যাক, তার পর একবার ছেলে দেখবেন, যেমন রূপ, তেমনি গুণ এই বয়সে গৃহস্থালির হেন কাজটী নেই যে জানেনা, আবার শুনেছি নাকি এঁরা একটু পড়তে শুন্‌তে শিখিয়েছেন

মুক্ত। বটে, বেশ বেশ।

কামিনী আচ্ছা বক্‌সি ঠাকুরুণ, পুরুষদের লেখাপড়া সম্বন্ধে আপনার কি মত ?

মুক্ত আমার মতে একটু আধটু শিখলে হানি নাই, কিন্তু বেশি বাড়াবাড়ি কিছু নয়, তাতে সংসারের ক্ষতি হয়, শুনেছি সেকালেও কোন কোন পুরুষ লেখাপড়া শিখেছিল।

কামিনী তার প্রমাণ আছে, এমন কি কোন কোন পুরুষ বই পর্য্যন্ত লিখে গেছেন ; ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর, অক্ষয়কুমার দত্ত বঙ্কিমচন্দ্র—

মুক্ত বিদ্যাসাগর স্ত্রী কি পুরুষ ছিলেন সে সম্বন্ধে মতভেদ আছে, এসিয়াটীক সোসাইটীতে (Asiatic Society) তাঁর যে ছবি আছে, দেখলে বোধ হয় যে যদিও তিনি অনেকটা পুরুষের মতন কাপড় পরতেন বটে তবুও তিনি স্ত্রীলোক ছিলেন, তাঁর গোঁফ দাড়ি কিছুই নাই

সরলা বঙ্কিমচন্দ্রের কথা যা বলছিলেন, যদিও তিনি নিজে একটু আধটু পড়তে শিখেছিলেন বটে, কিন্তু তাঁর লেখা দেখলে বোধ হয় যে তিনি পুরুষের লেখাপড়ার ওপর চটা ছিলেন, তাঁর বইয়ে পুরুষ ঘোড়ায় চড়ে, লড়াই করে, মেয়েরা রাঁধে, পুরুষের জন্যে কাঁদে। এই রকম ঠাট্টা করে লেখা আছে

মুক্ত আপনাদের কল্‌কেতায় বাস কদ্দিন ?

কামিনী অনেক দিন হল, আমার দিদিশাশুড়ীর দিদিশাশুড়ী এসে এখানে বাস করেন।

ঘটকী হাঁ হাঁ ওঁর অতিবৃদ্ধা প্রদিদিশাশুড়ী ; আমায় জিজ্ঞেস করুন, বক্‌সি ঠাকরুণ আমায় জিজ্ঞেস করুন, বড় বনিয়াদি ঘর, ওঁদের কুলুজি আমার কণ্ঠস্থ—তারামণি মিত্র তস্য

জ্যেষ্ঠা বধূ ক্ষ্যামাসুন্দরী মিত্র তস্য জ্যেষ্ঠা বধূ মঙ্গলাসুন্দরী মিত্র, তিনিই আঁটপুর থেকে নিমকির দারোগা হয়ে কলকেতায় এসে বাস করেন, তস্য জ্যেষ্ঠা বধূ জগৎতারিণী মিত্র, বিলেত জানিত বক্তি, সদরালা ছিলেন; তাঁর দুই সংসার, ছোটটীকেও বাড়ীতে এনে নিজের কাছে রেখেই প্রতিপালন করেন, একটী হতেও সন্তান হয় নাই, তাঁর কনিষ্ঠা জা নিস্তারিণী মিত্র, জ্যেষ্ঠা বধূ হেমাঙ্গিনী মিত্রকে রেখে কাশীপ্রাপ্ত হন, তাঁর জ্যেষ্ঠা বধূ সরোজিনী মিত্র, তাঁর বধূ এই দেদীপ্যমান সম্মুখে জাজ্জল্যমান মৃণালিনী মিত্র, হাইকোর্টের উকিল, কবে জজ হয়ে বেঞ্চে বসেন

(মৃণালিনীর প্রবেশ)

মৃণা। পুরুত ঠাকরুণ বলছেন ঠিক লগ্ন হয়েছে, আপনারা অনুমতি করেন তো বর পাত্রীস্থ করা যায়।

সকলে হাঁ হাঁ শুভকর্ম্মে বিলম্ব কি ?

মৃণা তবে পাত্রীকে নিয়ে যাওয়া যাক, নাপ্তিনি কোথায় ?

নাপ। এই যে আমি ঠিক আছি

কামিনী কনের জুতো দাও, কনের জুতো দাও।

ঘটকী। ওগো বেটাছেলেরা বাড়ী ভেতরে একবার শাঁকটা বাজাওনা গো

কামিনী। (নিমন্ত্রিতগণকে) আসতে আজ্ঞা হয়, বৈঠকখানায় চলুন

[সকলের প্রস্থান

দ্বিতীয় দৃশ্য।

দরদালান।

(দ্বারিক, শ্রীরাম ও মাধব)

মাধব বড়দাদা কি করছে?

দ্বারিক। হাই আমলা বাটছে।

শ্রীরাম। বড়দাদার ভাই খুব গতর, এই যজ্ঞির কাজটা বলতে গেলে একলাই করছে, আমার তো পোড়া শরীর, চাড্ডি ধনে বেটে দিয়েই নড়া ছুটো টাটিয়েছে, হাত নাড়তে পাচ্ছিনি।

দ্বারিক বড়দাদা না থাকলে এ সংসার এক দিন চলে! গতরে না হয় দু একখানা কন্নুম, কিন্তু অমন গুছোনটী কেউ আর গুছুতে পারবে না, তার ওপর জ্যাঠামশায়ের ভাঁড়ার থেকে বার করে দেবার তো ওই ছিরি, একটা মাছ সাঁতলাবার তেল পলা পলা করে দু বারে দেবেন।

শ্রীরাম। আর তার ওপর দাদার মুখে কথাটী নেই, সদাই হাসি মুখ, এক এক সময় জ্যাঠামশায় গঞ্জনা কি কম দেন

মাধব। যাগ্‌গে, চল ভাই হাতাহাতি করে পানগুলো সেজে নিইগে, তারপর একটু পরিস্কার ঝরিস্কার হয়ে নিতে হবে তো, এখনই বরণ টরণ করতে হবে

শ্রীরাম আমি যে ভাই কি করে বাসর জাগবো তাই ভাবছি,. ও এবার বাপের বাড়ী যাওয়া অবধি কি যে পোড়া ঘুম হয়েছে, ঘরে সন্ধেটী দেবার পর থেকেই চোখ যেন ঢুলে আসে, ছোট ছেলেটা এত কাঁদে আমার সাড়াও থাকে না।

দ্বারিক। শুনেছি কনে বড় রসিক, জিদ্ করে ধরে বসবো গানটান গাইয়ে তবে ছাড়বো

শ্রীরাম। আমি ভাই ছেলে ঘুম পাড়াবার নাম করে একটু ঘুমিয়ে নেব, খানিক রাত্তিরে মেজদা আমায় ডেকো।

দ্বারিক। মাধবের তো ঘুম পাবে না ?

মাধব। পোড়া ! এমনিতেই যার সারা রাত্তির ঘুম হয় না, ও সেই শীত রাত্তিরে আসে তার পর খাবার টাবার দিতে শুতে আর রাত কতটুকু থাকে।

দ্বারিক। বড়দা'কে ভাই আজ ধরে বেঁধে বাসরে বসাতে হবে

মাধব। তিনি বসবেন না, আবার তার ওপর বড়বৌ ঠাকরুণের শরীর অসুখ, রাত জাগা সয়না, তিনি হয়তো বে হয়ে গেলেই বাড়ীর ভেতর এসে শোবেন।

(গোয়ালার প্রবেশ ও গীত)

বাঁটের মুখের খাঁটী দুদ কে নিবি তা বল।
সেব করা আধাআধি খালি কলের জল ॥
মাইরি বলছি ভাই, আমার ভগলপুরে গাই,
গইলে বাঁধা কইলে বাছুর এক বিয়েনের ফল ॥
টাকাতে ছ'সের, দিচ্চি এই ঢের,
থেঁড়ো গাইয়ের গাঢ় দুদে গায়ে বাড়ে বল ॥
দুদ চড়ালে কড়ায়, ননী আপনি গড়ায়,
এক বলকে চল্‌কে ওঠে যেন যৌবন ঢলঢল ॥

গোয়ালা। কোথা গো কর্ম্মবাড়ীর লোকেরা, দুধ নাও

মাধব। ঘোষের পো যে, ঘোষের পো যে! ঘোষের পো না হলে বাড়ী জম্‌কায় না।

শ্রীরাম। ইস্, ঘোষের পোর বার হলো তবু বাঁচলেম।

গোয়ালা। হাঁগা দাদাবাবুরা তোমাদের কি রকম বিবেচনা, এমন সময় আমি তিন সের দুধ পাই কোথায় বল দেখি?

দ্বারিক। বলি এখন এনেছ তো, বাড়ীতে পাঁচজন কুটুম্ব ছেলে পিলে নিয়ে এসেছে—

গোয়ালা। আনবোনা কেন, এতো গাইয়ের দুধ, তোমাদের ঘোষের পো কি না পারে? বল্লে পর, বাঘের দুধ অবধি আন্‌তে পারে।

মাধব। ঘোষের পো ভাই বড় মজার লোক, আজ ওকে বাসরে রাখতে হবে।

শ্রীরাম। হাঁ হাঁ ঘোষের পো আর বাড়ীগে কাজ নাই, খাওয়া দাওয়া করে এখানে থাক, আমাদের সঙ্গে বাসর জাগতে হবে।

গোয়ালা। থাকবার যো কই দাদাবাবু, গিন্নি আজ তিন দিন হলো উলুবেড়ের হাটে গিয়েছেন একটা গাই কিন্‌তে, আজও খবরটা নেই, দুধটুকু মেপে নেবে চল শিগ্‌গির শিগ্‌গির ঘরে যাই।

মাধব। আহা থাকনা

গোয়ালা। না দাদাবাবু কাল তখন ভোরে আসবো।

শ্রীরাম। তবে ভাই আর একটা গান শুনিয়ে যা, মাথা খাস্

গোয়ালা। সেজ্‌দাদাবাবুর গান শোনা এক দাই

মাধব। গানা গানা আজ আমোদের দিন।

গোয়ালা আবার কর্ত্তা এসে পড়বেন।

মাধব তিনি এখন কোথা, কত কাজে ব্যস্ত।

গোয়ালা নেহাত ছাড়বে না তো শোন

(গীত)

আমার স্বধুই কি দুধে চলে।
স্বধু দুদ হলে খুদ মিলতো কপালে।
আমি কত মন্ত্র জানি, কত আপনি বাখানি,
এলোচুলে ঝাড়লে পরে সদ্য ফল ফলে॥
আমি না থাক্‌লে পরে, কোন্ নারী বা চাকরি করে,
পেটপোড়া কে দেবে তারে বন্ধ কর্‌তে ছেলে॥
যদি পড়ি আমি জল, নারী-ধরা কল,
বারমুখো যার প্রাণেশ্বরী পড়ে পদতলে।

এইবার তো হলো, দুদ মেপে নেবে চল

সকলে এস, এস

[সকলের প্রস্থান।

তৃতীয় দৃশ্য।

ছাঁদলাতলা।

বিশ্বম্ভর, জ্যাঠা, কুটুম্বগণ ও নাপ্তিনী।

বিশ্ব। ও দাদামশাই তুমি ওখানে দাঁড়িয়ে রইলে কেন? সনাতন কি জানে শোনে, তুমি এসে দেখিয়ে শুনিয়ে দাও

জ্যাঠা। বিশ্বম্ভর কি হ্যাকা হলি, গিন্নি গিয়েছেন, আমার কি শুভকর্ম্মের জিনিস ছোঁবার যো আছে

নাপ নাওনা গো বরণ টরণ করে নাওন, কনে কতক্ষণ পিঁড়ীতে দাঁড়িয়ে থাকবে?

বিশ্ব এরা সব কোথায় গেল, দোয়ারি, শ্রীরাম, মাধব, কাকেও যে দেখতে পাচ্চিনে, হ্যাঁরে ও দোয়ারি—

(দ্বারিক, শ্রীরাম ও মাধবের প্রবেশ।)

দ্বারিক। এই যে কাকা, কাপড়টা ছেড়ে এলেম

জ্যাঠা আচ্ছা, তোদের কি কিছু আক্কেল নাই, বরকনে পিঁড়ীতে দাঁড়িয়ে আর তোরা রং কচ্ছিলি।

শ্রীরাম। রং আবার কি কচ্ছিলেম জ্যাঠা মশায়, পানটান সাজলেম, দুধ জ্বাল দিলেম, কোন্ দিকে করবো।

নাপ নাও নাও গো, আর গোল করনা বরণ কর।

বিশ্ব। সনাতন বরণ কর।

দ্বারিক। ছোট মামা ও সব কাজ ভাল জানে, বরণটা সেরে ফেল।

(বরণ ইত্যাদি করণ।)

শ্রীরাম মেজদা ঝাবিটে নাও

দ্বারিক তুমি ঘোৰ, পাধব গায়ে পড়িস্ কেন, খোরনা।

সকলে (গীত)

আহা কনে কি নয়না হানে।
প্রাণ জর জর মদন বাণে॥
ও কেমন চায়, মাথা যে ঘুরে যায়,
আমার লাজুক বর ঘোমটা টানে॥
বড় সেয়না কনে, কত ছলা জানে,
আমার নেযনা মনে—
মানা কর, চায়না আমার পানে;—
কচি বর কিছু জানেনা,
কনে বুঝি মানা মানেনা,
প্রেমে ভাসাবে সই প্রাণের টানে।

নাপ। নাও পিড়ে ধরগো, সাতপাক ঘুরিয়ে বর কনেকে শুভদৃষ্টি করাও; তোমরা পারবে, না বাইরে থেকে চারজন মেয়েকে ডাকব?

দ্বারিক। না, এই আমরাই নিচ্ছি মেযেদের আর কষ্ট দিয়ে কাজ নাই

নাপ। নাও তোল, ভালমন্দ লোক থাকতো সরে যাও, গোঁপ পেকে যাবে, মাগের ছুযো হবে; তোমাদের নিত্ কিত্ যা আছে করে নাও, পিড়ী সুদ্ধ বাইরে নিয়ে যেতে হবে।

[সকলের প্রস্থান।

চতুর্থ দৃশ্য।

রাস্তা।

স্ত্রীলোকগণের আপিস যাইবার বেশে গীত

রাঁধা বাড়া হাঁড়িকাড়া ঘুচেছে বালাই।
শীলে লেগেছে আগুণ নোড়ার মুখে ছাই॥
আমাদের করে স্বাধীন,
মিন্‌সেরা হলো অধীন,
আপিস থেকে বাড়ী গিয়ে খাটে শুয়ে পা টেপাই॥
ব্যাচারারা ভাই রাঁধে,
উন্মুনে ফুঁ পাড়ে আর কাঁদে,
আপনার ফাঁদে আপনি পড়ে হাবুডুবু খাচ্চে ভাই।
(এখন) আমাদের আর কেবা পায়,
পতি সদা পড়ে পায়,
অন্দরের গন্ধমাত্র দেখ আর গায়ে নাই॥

১ম স্ত্রী আজ কি ট্রামওয়ে বন্ধ নাকি?

২য় স্ত্রী তাইতো বড্ড বেলা হলো যে, নটা বাজে।

৩য় স্ত্রী বাজুগ্‌গে, আমার পিসী বড় বাবু

নেপথ্যে (পাতখোলা নিবিগো)

(পাতখোলাওয়ালা ও পাতখোলায়ালির প্রবেশ)

(গীত)

কে পোয়াতি রসবতী খোলা নিবি আয় রে।
এমন খোলা বিকিয়ে গেলে মেলা হবে দায় রে।

আমার আপন হাতে গড়া, পোণে পোড়া গরম কড়া,
দরেতে নয়কো চড়া, অমনি গুড়ে পায় রে।
সোঁদাগন্ধে মন মাতে, আবার কুড়কুড়ে তাতে,
পাতখোলা খেলে পরে পোলাকোলে পায় রে।

পা, ওয়া। পাতখোলা নিবি গো?

১ম স্ত্রী। ওরে এদিকে আয়, এদিকে আয় কখানা করে?

পা, ওয়া। পইসায় দশঠো

১ম স্ত্রী দশখানা করে, পনেরখানা দিবিনে?

পা, ওয়া। নেই, বারঠো মিলবে মন হয় লে নেই চলি।

১ম স্ত্রী। দে আর কি করবো

৩য় স্ত্রী। আমায় এক পয়সার দে।

পা, ওয়া। এই লেও। (খোলা দেওন ও পয়সা গ্রহণ) পাতখোলা লিবি গো।

[পাতখোলাওয়ালার ও পাতখোলাওয়ালীর প্রস্থান।

১ম স্ত্রী তোমরাও নাকি, ক মাস?

৩য় স্ত্রী। আমার ভাই সবে তিন মাস।

১ম স্ত্রী আমার ভাই চলে না, সাহেবকে বলেছি ছুটীর কথা, পেটের ভেতর ঠেলে ঠেলে ওঠে, বিউলে আর্দ্ধেক বই মাইনে দেবেনা বলেছে, আমাদের যে পাজি আপিস

৩য় স্ত্রী। আমাদের সাহেব কিন্তু ভাই আঁতুড় খরচ পর্য্যন্ত দেয়।

১ম স্ত্রী। তোমাদের ভাই রেলি তাদের কথাই জুদো।

৪র্থ স্ত্রী চল চল্ গাড়ি দেখা যাচ্ছে, ওই গোড়ে চল, স্ফূর্ত্তি করে চল।

গীত

সকলে—আমরা বেরিয়েছি সেই ভোরে
মিন্‌সেরা ঘর নিকুচ্ছে ঘরে।
মেল ডে পড়েছে আজ,
সাহেবের ভারি ঝাঁজ্,
কাজ সারতে আজ ঘাম যাবে ঝরে॥
১ম— সুপারিণ্টেণ্ডেণ্ট পদি পিসী,
তার অণ্ডারে কলমপ্লিসি,
সকলে—সাহেব শালা চোখ রাঙ্গালে,
আঁখি ঠারি বকেয়া চালে,
ঠারা চোখে রাঙ্গা মুখোর মাথা যায় ঘুরে।
২য়— আমি রেলিব সদর মেট,
৩য়—পিট্রোকোচিন পোরায় আমার পেট,
৩ জন—গ্রেহেম গুদামে মোদের রেখেছে ভোরে॥
৪র্থ— আমার মনিব টেলার বেকার,
৫ম— থ্যাকার আমার ফর্চুন মেকার,
৩ জন—মণ্টিথ রখেছে ভাই আমাদের ধরে॥
৬ষ্ঠ— যা করেন মোর প্লোষ্ট আপিস,

৭ম— তুই তো ভাই তিশি ম্যাপিস,

৩ জন—পুলিশে ঢুকেছে ইয়ার এবা তিন চোরে ॥

সকলে—ছিলেম অবলা সরলা, সহে বিরহ জ্বালা,

এখন পুরুষ পাতি ফুলিয়ে ছাতি

কলম চালাই সজোরে ॥

[সকলের প্রস্থান ।

(দুইজন উড়ের প্রবেশ ।)

পরশু । মু রহিমিনি, এঁঠ্যা রহিমিনি ।

বিদা কাঁইকি পরশু ভাই, এত্তে খপ্পা কাঁই ? বন্সাড়িক ম্যাশ আউছন্তি, রোজকার কারার, নেউটা জিবি কোঁউটা ?

পরশু মত্তে যেত্তেঁ কোঁউ বিদা, কলকাত্তা মু রহিমিনি, মু আজি জাহাজ চড়িকিড়ি জাজপুর জিব, এ স্বপনা শড়া কোঁউটা গিলা—এ স্বপনা ভাই—স্বপনা ভাই ই ।—

নে-স্ব । ই ই-ই-ই ।

পরশু আরে এঁঠ্যে আঁও আরে এঁঠ্যে আঁও ।

(স্বপনার প্রবেশ ।)

স্বপনা । কাঁইকি ডাকিছু পরা পরশু ভাই ?

পরশু কঁড় করিথিলা, জাজপুর জিবিনি ?

স্বপনা । জিবিনি কাঁই ?

পরশু । মুগা খণ্ড দ্বীখণ্ড যোথিলা বাঁধি নেউছি ?

স্বপনা । হ, হঁ—

পরশু যত্রা কর, যত্রা কুর, জয় প্রভু জগড়নাথ ।

স্বপনা। টিকা ঠারি যা—মঘা আউছন্তি সাথ জিব।

পরশু ধাঁক্ড়ি লেউ, ধাঁক্ড়ি লেউ, হাঁকদে হাঁকদে।

স্বপনা। এ মঘা ভাই—মঘা ভাই

নে-মঘা। উ উ-উ-উ ঠার ঠার আউছি

(মঘাব প্রবেশ)

মঘা। অবধাঁড়, পরশু ভাই।

পরশু অবধাঁড়, দ্যাশ জিব ?

মগা। দেখিছন্তিনি মুগাপট্টা ঠিক কবি পেউছি, পাঁচ তঙ্কা জাহাজ ভাড়া লেউছি, বাপো বাপো কল্‌কাত্তা সহড় মানুষ থাড়ে ? মাইকিনি মবদ বনিব, কাঁধা কবিব, জড তুলিব, গ্যাসপানি কাম কবিব, আউব মু সব রন্না করিব, গোড বড়া নাকগুণা পরুব, পড়া পড়া, কল্‌কত্তা ছোড়ি পডা

বিদা। এ পরশু শডা যেত্ত উড়িয়াকো পাগড় করুছি।

পরশু। বিদা।

বিদা পরশু।

পরশু। তু মতে শড়া বলিলি কাঁই ?

বিদা বেশ করুছি বলুছি, তু মোব কঁড় কববি

পবশু। কঁড় কবিমু দেখিবি ? পণ্ডাঠাকুড় বডি কিড়ি তোব জাত বট্টা করিব

বিদা। তু মোর জাত বট্টা করুবি, শড়া গোয়াড়, মাড়ি পোকাই দিব

পরশু। কি তু মতে মাবিবি, আউ—

বিদা মারিব নাত কি, আউ শড়া।

পবশু শড়া তোড় ভৌউড়ি, গারিবি তো আউ।

বিদা। আউনা শড়া পড়াইছি কাঁই ?

পরশু পড়াব না, তোতে কি মু ডরিমু ? যদি মারিবি তো মু কত্তি কি আয়

বিদা শড়ার গোচ মু উখাড়ি দিব

পবশু শড়ার ঝুঁটী ধড়িকিড়ি—

মঘা। এ পয়ারাঅলা ! এ পয়ারাঅলা মাই ! এ বঙ্গাড়ি পয়ারাঅলা মাই ! দঙ্গা হইছি ! দঙ্গা হইছি !

(দুইজন পাণ্ডার প্রবেশ)

এ পণ্ডাঠাকুব আপনঙ্ক দেখ, এ বিদা পবশু দঙ্গা করুছি

১ম পা। আরে দঙ্গা করুছি কাঁই ?

পরশু। অবধান গোড় লাগুছি !

বিদা। অবধান গোড় লাগুছি !

১ম পা জয়, জয়, জয়

পরশু। মতে বিদা শড়া, শড়া বলিলা।

বিদা বলিবিনি, শড়া ভণ্ড ; যেত্ত উড়িয়াকো পাগড় করুছি, কৌউছি এঠাবে ঠারগে মাইকিনি মরদ বনিব, মরদ মাইকিনি হব

১ম পা। আরে বিদা তু সুমুঝিনি, পরশু ঠিক কৌউছি। শড়া বঙ্গাড়ি যেও মরদ সব মাইকিনি হউছি, মাইকিনি আর পনকি চড়বিনি, জগড়নাথ জিবিনি, সব পগড়ি বাঁধি কিড়ি হপিস যাউছি

বিদা। হেই গঙ্গারাম ঠাকুর, বলভদ্রঠাকুর ঠিক কৌউছি— হই

২য় পা। ঠিক ঠিক, জাত জিব। গড়া, পড়া, ভাগড়, ভাগড়।

সকলে। হেই—হেই—হেই।

গীত।

ভাগড় ভাগড় হো ধাঁকুড় কুড় পড়াই পড়াই।
বঙ্গাড়া দ্যাশড় গোড়কু গড় করিছু ভাই॥
কড় মস্তড় পড়িকিড়ি, পল্‌কি ছোড়ি চড়ছু গাড়ি,
বঙ্গাড়ি মাইকিনিয়া কাঁই ;
কলকত্তা পকাড় ভাতে পড়িগিলা ছাই।
মাইপো করব কাঁধা, মতে ধরাইব রাঁধা,
উড়িয়া বনব গধা, উড়েনি সিপাই।
কোঁউটী প্রভু জগড়নাথ, বঙ্গাড়ি কাড়ি নিল জাত,
টান দেহ ডুরি ধরি দ্যাশ চলি যাই।

পঞ্চম দৃশ্য।

সভাগৃহ।

সভ্যা স্ত্রীলোকগণ।

ননী। পূর্ব্ববক্তা যাহা বলিলেন তাহা যুক্তিসঙ্গত হইলেও আমি অনুমোদন করিতে পারি না, এখনও আমাদের স্ত্রীস্বাধীনতা সম্পূর্ণ হয় নাই; কে বলে গোঁফে স্ত্রীলোকের শোভার হানি করে! ভগিনীগণ, মনে কর যখন আমরা মেডিকেল কলেজে

যাই, যখন হাইকোর্টে ওকালতি করিতে যাই, হাউসে, আপিসে, গুদামে, যে যে ভগ্নি যে যে কার্য্যে জান, সর্ব্বত্র সর্ব্বকার্য্যে গোঁফের আবশ্যক

সকলে হিয়ার হিয়ার! (Hear! Hear!)

ননী। অধম পরাধীন অন্তঃপুরবাসী পুরুষগণের গোঁফ আছে, আর বাহিরে, সভায়, জনতায়, গোঁফ নাই বলিয়া লজ্জা পাই—কি ঘৃণা! কি লজ্জা

সকলে শেম শেম! (Shame! Shame!) (করতালি)

গিরি। চেয়ারউওম্যান অ্যাণ্ড লেডিজ্ (Chair woman and Ladies) আপনাদের অবশ্যম্ভাবী ভৃত্য, জি, বি, লাহিরি এল, আর, সি, পি, (G. B Lahiri, L. R. C. P.)কে যদি কিছু বল্‌টে ডেন টো সে বোলে; যে গোঁফের জন্য ননীবালা বিদ্যালঙ্কার এই সুন্ডর বক্তৃটা কর্‌লেন, আর আপনারা সকলে খাষ্ট, সেই গোঁফ অটি সট্যানেই উঠিতে পারে, এবং সঙ্গে সঙ্গে একটী মহট্ উপকারও হইটে পারে, আমাডের ছেলে হওয়া বণ্ড হইটে পারে (করতালি) আমাডিগের উডরের মধ্যে ওভেরিয়া (Ovaria) নামক এক যণ্ট্র আছে, যডি অপারেসনের (Operation) ডারা টাহা বিমুক্ত (Remove) করা যায় টাহা হইলে আমাডিগের গোঁফ ডাড়ি উঠিতে পারে ও সণ্টান হওয়া বণ্ড হয়, এ কঠা বিজ্ঞান সম্মট; অটএব আমি প্রষ্টাব করি যে, আগে যে সকল স্ত্রীলোক, ডরওয়ান, খ্যান্‌সামা ও অন্যান্য ভৃট্যের কাজ করে, টাহাডের উপর এ বিষয় এক্সপেরিমেণ্ট (Experiment) করা হউক, আমাডের অপেক্ষা টাহাডের গোঁফ ডাড়ির অটিক প্রয়োজন। এক্ষণে বিরাজমোহিনী সেন কি

বোলেন টাহা শুনা আবশ্যক আমি আর অটিক বাজলা বল্‌টে পারিটেছি না, আপনারা মাপ করিবেন (করতালি)

বিরাজ। ডাক্তার গিরিবালা লাহিড়ি যাহা বলিলেন এ কথা যুক্তিসঙ্গত হইলেও তাহাতে আমার এক বিশেষ আপত্তি আছে, যতদিন পুরুষের গর্ভ হওয়ার কোন সুবন্দোবস্ত না করা যায় ততদিন আমাদের সন্তান প্রসব বন্ধ করা নিতান্ত স্বার্থপরতা, আমার মতে সকল উন্নতি ক্রমে ক্রমে ধীরে ধীরে হওয়া উচিত; দাড়ি গোঁফ এবং পুরুষের সন্তান প্রসবের ব্যবস্থার জন্য আপাততঃ আমেরিকায় (America) মেমোরিয়াল (Memorial) পাঠান হোক, আমেরিকাবাসীগণ স্ত্রীলোকের স্বাধীনতার জন্য যাহা যাহা করিয়াছেন জগতে তাহা কোন জাতিই করিতে পারেন নাই—

অনঙ্গ। বোন্দ করেন, বোন্দ করেন, চুপ দেন, আমিও বক্তৃতা করবো বইলে সোভায় আস্‌ছি, আমারে কিছু বল্‌তি দেন, এই দণ্ডায়মান অইলাম; সোভাপতি ঠাক্‌রাণ ও বঙ্গমহিলাগণ! পূর্ব্ববক্তা শ্রীযুক্তা বিরাজমোহিনী সেন এম, এ, মশা যা বল্লেন তার বিরুদ্ধে আমার কিছু বলবের আছে তিনি যে বল্লেন যে উন্নতি ক্রমে ক্রমে শনৈঃ শনৈঃ হওয়া আবশ্যক এ কথা আমি না করছিনা, কিন্তু তিনি যে কইলেন, আমেরিকাবাসীগণ বরই উন্নত, আমরা তাগোর বাটিও লাগি না, এ কথায় আমি ঝাক্‌ মারি। উন্নতি কল্লে কল্‌কাত্তা পিছায়ে পরছে সত্য কিন্তু পূর্ব্ব-বঙ্গের গৌরব, এখনও বোর্ত্তমান; আপন্যারা যইদ্যপি আমার ড্যাকা বজেট্ মধ্যা মধ্যা পাঠ করিয়া আমাকে বাদ্য কোর্‌য়া থাহেন তা অইলে অবশ্য বঙ্গর মাথেমাত্র স্বীকার করবেন

যে স্ত্রীলোকের জন্যে দ্যাহ বিসর্জ্জন করো আমি কত্য ল্যাখ্‌ছি ; আমাগোর কেন মোচ ওঠবা না ? মোচের জন্য আমেরিকার শলা লবার কি আবশ্যক আমি তো বুঝি না আমি আপন চক্ষে দ্যাখছি ড্যাকাতে চ্যাংড়াগুলা মোচ উঠাইবার লেগে নাপিতারে পুইসা দিয়ে থাম্‌কা থাম্‌কা থাউরি করে, আমরা বঙ্গমহিলাগণ যইদ্যাপি সেই পথ অবলম্বন করি তা অইলে অইধ্যবসায় করে থাউরি কর্‌তে থাউরি কর্‌তে থাউরি কর্‌তে অবশ্যই মোচ দেখা দিতি পাবে (করতালি) আর পুরুষের সন্তান প্রসব—আমি বজ্রনাদে চিচাইয়ে কইতি পারি যে পূর্ব্ববঙ্গ এ সম্বন্ধে পথ দেখাইব আপাততঃ য্যাতদূর আমাগোর হাতে আছে তা কেন না করি, এই যে এতকাল আমরা মর্দ্দগোর কাচা আঁটাইয়ে রাখছি এডা কি বন্দোব সম্মত ?

সকলে। হিয়ার, হিয়ার ! (Hear ! Hear !)

অনঙ্গ আমাগোর অন্তঃপুরবাসী তাগোর হাত রাব করছি এডা কি সৈভ্যতা ?

সকলে শেম, শেম। (Shame ! Shame !)

অনঙ্গ। আমার সোহকারী সোম্পাদিকা শ্রীযুক্তা রুহিণীমণি তোলাপত্তর বোলেন এবং আমিও সে বাক্যের অনুমোদন করি, যে মর্দ্দগোর-কাচা ঘুচায়ে দ্যান আর তাগোর খারু চুরি পর্‌ন

সকলে হিয়ার, হিয়ার ! (Hear ! Hear !) (করতালি)

অনঙ্গ আমার প্রস্তাব অদ্যই বাক্যে যা বল্লাম কাজে তা পরিণত করো, মর্দ্দগোর মায়েমানুষের আবরণ দেন্। —

সকলে এগ্‌রিড্ এগ্‌রিড্ (Agreed ! Agreed !)

অনঙ্গ। বিস্তর বাক্যিব্যয় করে সোভার সময় নষ্ট কর্‌লাম, কিন্তু পূর্ব্ববঙ্গের গৌরব, বিশেষতঃ ঢ্যাকার গৌরব রক্ষা করা আমার কৈর্ত্তব্য, এইজন্য সোভাপতি ঠাকুরাণ আর বদ্দোর মহিলা বোগ্নিগণ আমায় মার্জ্জনা কর্‌বেন (করতালি)

ঘৃণা। সভ্যাগণ বিশেষ কার্য্যোপলক্ষে আদালতে বিলম্ব হওয়ায় আমি সেইথান হইতে একেবারে সভায় উপস্থিত হইয়াছি সুতরাং বক্তৃতার জন্য আমি উত্তমরূপ প্রস্তুত নই, তবে এইমাত্র বলি যে সুপ্রসিদ্ধ ঢাকা বজেটের সম্পাদিকা শ্রীযুক্তা অনঙ্গমঞ্জরী গুহা মহাশয়া যে সুললিত সুদীর্ঘ জ্ঞানগর্ভ বক্তৃতা করিলেন এবং আপনারা সোৎসাহে করতালিধ্বনি দ্বারা তাহার যেরূপ অনুমোদন করিলেন তাহাতে তাঁহার প্রস্তাব গ্রহণ করা আমার বোধ হয় সর্ব্ববাদী সম্মত (করতালি) তিনি যথার্থ বলেছেন যে পুরুষদের স্ত্রীবেশ পরান নিতান্ত আবশ্যক; আমার বাড়ীতেই অদ্য, এইক্ষণে, সেই কার্য্য প্রাক্টিকেলি (Practically) আরম্ভ করি (করতালি) বসন্ত, তুমি বাড়ীর ভিতরে যাও, এখনি তাদের শাড়ী গহনা টহনা পরাওগে (করতালি)

বিরাজ। আমি এ প্রস্তাব সম্পূর্ণ অনুমোদন করি, কেবল একমাত্র কথা যে আমাদিগের বেণী, কর্ণাভরণ ও হাতের বালা ত্যাগ করিব না। (করতালি)

অনঙ্গ। এ কথায় আমার আপত্য নেই, কেননা দেখা যায় যে পশ্চিমে খোট্টা পুরুষগুলা কাণে, হাতে অলঙ্কার পোরেন, কোমিরে কিছু থাকলেও আমার বাধা নেই

বিরাজ। এ প্রস্তাব আমি দ্বিতীয় (Second) করি

নলী। আমি এ প্রস্তাব ভরণপোষণ (Support) করি।

সকলে সর্ব্ববাদি সম্মত

মৃণা। তবে অদ্য সভার কার্য্য শেষ হউক

(থাকমণির প্রবেশ ও গীত।)

আঃ বেঁচেছি।
আমরা সব কাচা এঁটেছি।
কে দেয় বাবা চুলোয় কাঠ,
ভাতার দেখে করে ঠাট,
প্রাণটা আমার গড়ের মাঠ তাইতো মাল টেনেচি।
ছোঁড়ারা নাড়ুক হাঁড়ি,
ছুঁড়ীরদল চড়বো গাড়ি,
যাব যার তার বাড়ী তাইতে ফুর্ত্তি করেছি।
শালারা সব পরুক নৎ,
করুক মোদের দণ্ডবৎ,
আমরা পেয়েছি পথ মদ খেয়ে মেতেছি।

মৃণা থাকমণি বাবু, থাকমণি বাবু, এ যে মিটিং (Meeting)

থাক এই যে বাবা আমিও চেয়ার নিয়ে সিটিং (Siting)

মৃণা। একটু ঠাণ্ডা হ'য়ে বস।

থাক। ক্রিষ্টাল আইসের (Crystal Ice) মত ঠাণ্ডা হয়ে আছি।

অনঙ্গ। তুমি কি মাল টানে আস্ছেন্? ছাশা খাবে মেভাব আসাটা বন্দোব উচিত হয় নেই, আমরাও ছাশা খাই, কিন্তু কখন, কোথায়? সন্ধ্যার পর, বাসায় গোপনে।

থাক। তামাক দেবে——

মৃণা। থাকমণি বাবু যে একেবারে পুরুষেরবেশে ?

থাক। আমি বাবা তোমাদের মিটিংএর অপেক্ষা রাখিনি, শাড়ী চুড়ী আর ভাল লাগেনা।

ননী। থাকমণি বাবু বড় আমুদে।

গিরি। কিন্তু প্রকৃত দেশহিতৈষী।

থাক। বাবা কাল আমোদ গড়িয়ে গিয়েছে, তামাক দেরে—

মৃণা। থাকমণি একটু থাম, কাল বড়দিন, আমাদের এক্মাস্ প্যারেড, (X'mas parade) (colonel) কর্ণেল নিতম্বিনীর ইচ্ছা যে গ্রাউণ্ড ইলিউমিনেট (Ground illuminate) করে বেশ মুন্‌লাইট্ প্যারেড (Moon-light parade) হয়

সকলে। অতি উত্তম! অতি উত্তম!

থাক। আমারও প্যারেড আছে, প্যারেডে আমি ফাষ্টগ্রেড। (First grade.)

মৃণা। আমার ইচ্ছা যখন অনঙ্গমঞ্জরী গুহ মহাশয়া কলিকাতায় আছেন তখন উনিও আমাদের সঙ্গে প্যারেডে যোগ দেন

অনঙ্গ। এ বালো যুক্তি, আমি এতে না করছি না, আমি ড্যাকা ইষ্টুডেণ্ট বলেণ্টিয়ারের প্রাইবেট্, (Dacca student volunteer's private) (uniform) ইউনিফরম আমার সাথেই আছে, চাদার ক্যাতাবে আমার নামে ডের টাকা লিখে লন, ড্যাক্কা যাইয়েই মণি অর্ডার (Money order) করবো, এখন চলেন উদ্যোগ করা যাগ।

থাক। তামাক দেরে——

গিরি। আই প্রোপোজ এ ভোট অফ থ্যাঙ্কস টু দি চেয়ার। (I propose a vote of thanks to the Chair.)

সকলে হিয়ার, হিয়ার (Hear ! Hear !) (করতালি) থাক তামাক দিলিনি—— [সকলের প্রস্থান।

ষষ্ঠ দৃশ্য।

রাস্তা।

নারীবেশে পুরুষগণ—— গীত।

ঘাট হয়েছে বাপ।
সবাই মোদের কর মাপ ॥
মাগীদের স্বাধীন করে, এখন যেন ম্যাড়া লড়ে,
আমাদের ঘাড়ে চোড়ে দিচ্ছে উল্টো চাপ্।
ঘুচে গিয়েছে কাচা, অন্দর হয়েছে খাঁচা,
এখন যে প্রাণে বাঁচা গেল জন্মের পাপ।
ভাবলেম হবে স্বাধীন, মজা দেবে দুদিন,
এখন দিন পেয়ে ধিন্ ধিন্ নাচে এ কিরে বাপ্ দাপ্।
মাগীকে মিন্‌সে কর্‌তে, যে আর বলবে মর্ত্ত্যে,
পোঁতো তারে ইঁদুর গর্ত্তে,
জেন সে স্বয়ং কলির কাপ।
খেলেম কাণমলা নাকমলা, ফিরে কোন শালা,
স্ত্রী স্বাধীনতার কথা লয়ে করবে লাফালাফ।
[গাইতে গাইতে সকলের প্রস্থান।

সপ্তম দৃশ্য।

গড়ের মাঠ।

কর্ণেল নিতম্বিনী ও ভলেন্‌টিয়ারগণ *

কর্ণেল টেনসন্[১] সেটান অ্যাট আর ইজ্[২]—টেনসন্—রাইট টারণ[৩], আজো বার[৪] বলি তোমরা যুদ্ধে যেতে পাববে তো ?

ভ, সকলে। বলি হাঁগো কর্ণেল।

কর্ণেল। বন্দুক ছুড়্‌তে পারবে তো ?

ভ, সকলে। পারবোনা কেনগো কর্ণেল।

কর্ণেল তোমাদেব যুদ্ধের কি বল ?

ভ, সকলে নারীব বল, যৌবন বল তাতে হয়েছি স্বাধীন দ্বিগুণ প্রবল।

কর্ণেল বেশ! রাইট এবাউটটারণ[৫]—ফণ্ট[৬], কুইক মার্চ্চ[৭], হল্ট[৮]; ন্যাশনেল সঙ্গ[৯]

ভলেন্‌টিয়ারগণ গীত।

আমরা কি ডরি অরি।
নয়ন-বাণে ভুবন জয় করি।
আমরা হয়েছি ভলেণ্টিয়ার,
আর কারে করি কেয়ার,
পরেছি এ ইউনিফরম হয়েচি মিলেটারি।

---

* এইখানে সকলে ড্রিল (Drill) করিবে

(১) Attention. (২) Stand at from ease. (৩) Right turn (৪) As you were (৫) Right about turn. (৬) Front. (৭) Quick march (৮) Halt (৯) National song.

আসে যদি রুসিয়া, তাড়াইব ঘুষিয়া,
কাবুল দখল একদিনে পারি ॥
মার্চ্চ মার্চ্চ কুইক মার্চ্চ,
সার্চ্চ সার্চ্চ এনিমি সার্চ্চ,
অন্ অন্ টু দি ফ্রন্টিয়ার ;—
কটিতটে তলোয়ার বুকে বেড়া জরি ॥
রাইট লেফ্‌ট লেফ্‌ট রাইট,
ব্যাল্যান্স ষ্টেপ হবে ফাইট,
কোট ফিট টাউজার টাইট,
ইন্ ওয়ার ভলণ্টিয়ার নেভার সরি ॥
নারীর ভুজবল, কে জিন্‌বে তারে বল,
পুরুষে যা বলে করে আমরা ইসেরায় সারি ॥
চার্জ চার্জ প্রেজেণ্ট ফায়ার,
ফ্লাই ফ্লাই ভাইল বেয়ার,
রমণী এসেছি মোরা রণ সজ্জা ধরি ।
তরবারি টানিয়া, গাও রুল ব্রিটেনিয়া,
টোডে একম্যাস ডে, অল অফ অস গে,
সিঙ্গ সিঙ্গ সিঙ্গ ভিক্‌টোরিয়াজ ভিক্টরি ॥

যবনিকা পতন ।